

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি (বিজিএমইএ)
বিজিএমইএ কমপ্লেক্স, হাউস#৭/৭-এ, ব্লক#এইচ-১, সেক্টর-১৭, উত্তরা, ঢাকা-১২৩০।


সকল সম্মানিত সদস্যদের জন্য

বিজ্ঞপ্তি নং: বিজিএ/কাস/২০১৯/ ৩২

তাং ৩০/০৫/২০১৯ইং

বিষয়ঃ আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতরের ছুটিতে চট্টগ্রাম বন্দর সংশ্লিষ্ট ব্যাংক সমূহ, শুল্ক বিভাগের সংশ্লিষ্ট শাখা এবং সকল প্রাইভেট ডিপো সমূহ খোলা রাখার বিষয়ে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ কর্তৃক জারীকৃত দপ্তর আদেশ প্রসঙ্গে।

এতদ্বারা সম্মানিত সদস্যদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পবিত্র ঈদ-উল-ফিতরের দিন ব্যতীত অন্যান্য ছুটির দিন বন্দর অভ্যন্তরস্থ ব্যাংকের শাখা, কাস্টম হাউসে অবস্থিত সোনালী ব্যাংকের শাখা, শুল্ক বিভাগের সংশ্লিষ্ট শাখা এবং সকল প্রাইভেট ডিপো সমূহকে সুষ্ঠুভাবে অপারেশনাল কার্যক্রম পরিচালনার স্বার্থে প্রয়োজনীয় সংখ্যক জনবলসহ তাদের কার্যক্রম খোলা রাখার জন্য চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ যে দপ্তর আদেশ নং-৪২/২০১৯ইং তারিখঃ ২৮/০৫/২০১৯ইং জারী করেছে তা আপনাদের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য এতদসঙ্গে সংযুক্ত করে প্রেরণ করা হলো।



এ. কে. এম ফজলুর রহমান
সচিব, বিজিএমইএ।



চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

পরিচালক(ট্রাফিক)এর দপ্তর

দপ্তরাদেশ নং- ৪২/২০১৯ইং

তারিখ : ২৮/০৫/২০১৯ইং

গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ঘোষণানুযায়ী “ পবিত্র জুমাতুল বিদা, পবিত্র শব-ই-কদর এবং পবিত্র ঈদ-উল-ফিতর” উপলক্ষ্যে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের ট্রাফিক বিভাগের (পার্নাংগাও আইসিটি ও ঢাকা আইসিডিসহ) সকল অপারেশনাল কর্মস্থলে নিম্নলিখিতভাবে ছুটি পালিত হবে।

১। “পবিত্র জুমাতুল বিদা” উপলক্ষ্যে আগামী ৩১/০৫/২০১৯ ইং তারিখ শুক্রবার সকাল ৮.০০ ঘটিকা
১৭/০২/১৪২৬বাংলা

হতে ০১/০৬/২০১৯ইং তারিখ শনিবার সকাল ৮.০০ ঘটিকা পর্যন্ত সাধারণ ছুটি পালিত হবে।
১৮/০২/১৪২৬বাংলা

২। “পবিত্র শব-ই-কদর” উপলক্ষ্যে আগামী ০১/০৬/২০১৯ইং তারিখ শনিবার বিকাল ০৪.০০ ঘটিকা থেকে রবিবার ০২/০৬/২০১৯ইং তারিখ বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত নিবাহী আদেশে সরকারি ছুটি পালিত হবে। তবে ০১/০৬/২০১৯ইং তারিখ শনিবার রাত ০৮.০০ ঘটিকা থেকে ০২/০৬/২০১৯ইং তারিখ রবিবার সকাল ০৮.০০ ঘটিকা পর্যন্ত (ক্লোজড হলিডে) পালিত হবে।

৩। “পবিত্র ঈদ-উল-ফিতর” উপলক্ষ্যে আগামী ০৪/০৬/২০১৯ ইং তারিখ মঙ্গলবার সকাল ৮.০০ ঘটিকা
২১/০২/১৪২৬বাংলা

হতে ০৭/০৬/২০১৯ইং তারিখ শুক্রবার সকাল ৮.০০ ঘটিকা পর্যন্ত নিবাহী আদেশে সরকারি ছুটি পালিত
২৪/০২/১৪২৬বাংলা

হবে। তন্মধ্যে শুধুমাত্র “ পবিত্র ঈদ - উল- ফিতর ” দিন অর্থাৎ আগামী ০৫/০৬/২০১৯ ইং তারিখ
২২/০২/১৪২৬বাংলা

বুধবার সকাল ৮.০০ ঘটিকা হতে ০৬/০৬/২০১৯ইং তারিখ বৃহস্পতিবার সকাল ৮.০০ ঘটিকা পর্যন্ত
২৩/০২/১৪২৬বাংলা

সাধারণ ছুটি (ক্লোজড হলিডে) পালিত হবে।

(পবিত্র ঈদ - উল- ফিতর এর ছুটি চাঁদ দেখা যাওয়া সাপেক্ষে পালিত হবে)

৪। উপরোক্ত সময়সূচী অনুযায়ী(ক্লোজড হলিতে ব্যতীত) বন্দর অভ্যন্তরস্থ জনতা ব্যাংক,ওয়ান ব্যাংকসহ চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ এর অনুমোদিত অন্যান্য ব্যাংকের বুথ সমূহ এবং কাষ্টম হাউজে স্থিত সোনালী ব্যাংক, স্ক্রু বিভাগের সংশ্লিষ্ট শাখা এবং সকল থাইভেট ডিপো সমূহকে সুষ্ঠুভাবে অপারেশনাল কার্যক্রম পরিচালনার স্বার্থে প্রয়োজনীয় সংখ্যক জনবলসহ খোলা রাখার জন্য অনুরোধ করা গেল।

৫। উক্ত সময়ে (ক্লোজড হলিতে ব্যতীত) স্ক্রু বিভাগ ও বন্দর কর্তৃপক্ষের অনুমোদন ক্রমে উক্ত ছুটির দিন সমূহে বিশেষ বন্দোবস্তাধীনে এবং বিধি মোতাবেক অতিরিক্ত মাস্তুল (চার্জ) প্রদান সাপেক্ষে জাহাজ /লাইটার সমূহে কাজ করা যাবে। খাদ্য,ত্রাণ ও অন্যান্য গুরুত্বপূর্ণ সামগ্রীর সাথে সম্পর্কযুক্ত বাণিজ্যিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে পরিচালক(ট্রাফিক) বা তাঁর ভারপ্রাপ্ত কর্মকর্তাকে পূর্বেই অবহিত করতে হবে।

৬। উক্ত সময়ে ট্রাফিক বিভাগের অধীনস্থ (পার্নাংগাও আইসিটি ও ঢাকাস্থ আইসিডিসহ) সকল অপারেশনাল কার্যক্রম পরিচালনার স্বার্থে পর্যাপ্ত জনবল বুকিংসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

পরিচালক(ট্রাফিক)

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ